আর-টন (ভেট) বোলাস
R-Ton (Vet) Bolus
(Antimony Potassium Tartate USP
+ Ferrous Sulphate USP)

কার্যকরী উপাদানঃ
প্রতিটি বোলাসে রয়েছে-
এন্টিমনি পটাসিয়াম টারট্রেট ইউএসপি ২.০০ গ্রাম
ফেরাস সালফেট ইউএসপি ২.০০ গ্রাম

বিবরণঃ এন্টিমনি পটাসিয়াম টারট্রেট এবং ফেরাস সালফেট-এর সমন্বয়ে তৈরি **আর-টন (ভেট)** বোলাস গবাদি প্রাণির পাকস্থলীর পীড়াজনিত সমস্যায় ব্যবহৃত হয়।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ এন্টিমনি পটাসিয়াম টারট্রেট এবং ফেরাস সালফেট রুমেনের গতিশীলতা বৃদ্ধিতে সহযোগিতা করে। এই সংমিশ্রণটি আয়রন সরবরাহ করে যা পোরফাইরিন এবং গ্লোবিন চেইনের সাথে মিলিত হয়ে হিমোগ্লোবিন তৈরি করে, যা ফুসফুস থেকে অন্যান্য টিস্যুতে অক্সিজেন সরবরাহের জন্য গুরুত্বপূর্ণ।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ
- পাকস্থলীর স্বাভাবিক নড়া-চড়া হ্রাস পেলে।
- পাকস্থলীর কার্যক্ষমতা কমে গেলে।
- পাকস্থলীর অচলাবস্থা সৃষ্টি হলে।
- ক্ষুধা মন্দা, বদহজম, দীর্ঘ মেয়াদী সালফার ঔষধ ব্যবহারের ক্ষেত্রে।

মাত্রা ও প্রয়োগ বিধিঃ
গরু, মহিষ: দৈনিক ২টি **আর-টন (ভেট)** বোলাস খাওয়াতে হবে ৩-৫ দিন।
বড় আকৃতির প্রাণিতে ৪টি বোলাস পর্যন্ত দেয়া যেতে পারে ৩-৫ দিন।
ছাগল, ভেড়া: দৈনিক ১/২টি **আর-টন (ভেট)** বোলাস খাওয়াতে হবে ৩-৫ দিন।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ এন্টিমনি পটাসিয়াম টারট্রেট এবং ফেরাস সালফেট-এর প্রতি অতিসংবেদনশীল প্রাণিদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

সতর্কতাঃ শুধুমাত্র জাবরকাটা প্রাণিতে ব্যবহার করতে হবে। ঔষধ মাত্রাতিরিক্ত ও দীর্ঘ সময় ব্যবহার করা যাবে না। চিকিৎসা কালীন সময়ে প্রচুর পরিমাণ পানি পান করাতে হবে।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ কোন পার্শ্ব-প্রতিক্রিয়া নেই।

গর্ভবতী ও দুগ্ধদানকারী প্রাণিতে ব্যবহারঃ গর্ভবতী প্রাণিতে **আর-টন (ভেট)** বোলাস ব্যবহার করলে ভ্রূণের কোন ক্ষতি হয় এমন কোন ক্লিনিক্যাল ডাটা পাওয়া যায় নি।

ঔষধের মিথস্ক্রিয়াঃ অজানা।

মাত্রাধিক্যতাঃ অতিরিক্ত মাত্রা এবং চিকিৎসার সময়কাল সুপারিশের চেয়ে বেশি হওয়া উচিত নয়।

প্রত্যাহার কালঃ মাংস ঃ প্রযোজ্য নহে। দুধ ঃ প্রযোজ্য নহে।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০°সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ১০×২, ৫×৪ এবং ১০×৪ বোলাস/বক্সে সরবরাহ করা হয়।



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com